

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) দেশের সকল বিভাগীয় শহরে পর্যায়ক্রমে বিনিয়োগ শিক্ষা কনফারেন্স এর আয়োজন করছে। এর অংশ হিসেবে তৃতীয় কনফারেন্সটি আগামী ২০ জানুয়ারী ২০১৮ তারিখে সিলেট বিভাগের আমাউল্লাহ কনভেনশন সেন্টার, এম. সি কলেজ রোড, আরামবাগ পয়েন্ট সিলেট এ অনুষ্ঠিত হবে। কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন উক্ত কনফারেন্স এর উদ্বোধন করবেন।

দিনব্যাপি অনুষ্ঠিতব্য এই কনফারেন্স দুইটি সেশনে বিভক্ত থাকবে। প্রথম সেশন সকাল ১০ঃ৩০ - বেলা ১ঃ০০ এবং দ্বিতীয় সেশন দুপুর ২ঃ৩০ - বিকাল ৪ঃ৩০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

প্রথম সেশনঃ বিনিয়োগ শিক্ষা ও বিনিয়োগকারীদের সুরক্ষা

দ্বিতীয় সেশনঃ সম্ভাব্য উদ্যোক্তার প্রস্তুতি ও পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলন

কনফারেন্স চলাকালে আমাউল্লাহ কনভেনশন সেন্টার, এম. সি কলেজ রোড, আরামবাগ পয়েন্ট সিলেট এ দিনব্যাপী বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৮ (সকাল ১০ঃ০০ - রাত ৮ঃ০০) অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এর ওয়েবসাইট www.financialliteracybd.com এর মাধ্যমে আগ্রহী বিনিয়োগকারী ও উদ্যোক্তাগণ রেজিস্ট্রেশন করতে পারবেন। সরাসরি রেজিস্ট্রেশনের জন্য স্ব স্ব ব্রোকারেজ হাউজের সহযোগীতা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

সাংস্কৃতিক অনুষ্ঠান ঃ বিকাল ৫ঃ০০ টা।